

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

নিকার শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২১/০৩ মার্চ ২০১৫

নং ০৪.০০.০০০০.৭২১.০৬.০০১.১৫-০৯(১৫)—২৬ জানুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ প্রশাসনিক বিভাগ গঠনের লক্ষ্যে বিষয়টি সামগ্রিকভাবে পরীক্ষা ও পর্যালোচনা করে সুপারিশ পেশ করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হল :

২। কমিটির গঠন :

- | | |
|-------------------------------------------------------------------------|---------------|
| (১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - সভাপতি |
| (২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালক পর্যায়ের) | - সদস্য |
| (৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - সদস্য |
| (৪) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - সদস্য |
| (৫) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - সদস্য |
| (৬) অর্থ বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - সদস্য |
| (৭) ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - সদস্য |
| (৮) যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (৯) উপসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য-সচিব। |

(১৬০৫)

মূল্য : টাকা ৪.০০

কমিটির কার্যপরিধি :

- (ক) ময়মনসিংহ বিভাগ গঠনের যৌক্তিকতা সম্পর্কে মতামত প্রদান;
- (খ) নতুন বিভাগের বিভাগীয় সদর দপ্তরে কোন্ কোন্ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার অফিস স্থাপন করা প্রয়োজন, সে বিষয়ে সুপারিশ প্রদান;
- (গ) উল্লিখিত অফিসসমূহ স্থাপনের জন্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নিরূপণ;
- (ঘ) প্রস্তাবিত বিভাগীয় অফিসসমূহের জন্য প্রয়োজনীয় লোকবল নির্ধারণ;
- (ঙ) ভৌত অবকাঠামো এবং লোকবলের জন্য আর্থিক সংশ্লেষ নিরূপণ;
- (চ) প্রস্তাবিত বিভাগের সীমানা সম্পর্কে সুপারিশ প্রদান; এবং
- (ছ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

৩। কমিটি দুই মাসের মধ্যে সুপারিশ পেশ করবে এবং প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মহিউদ্দীন খান

যুগ্মসচিব (সমন্বয়)।